Ap-Arika
03.09.19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ পসরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
(বোর্ড প্রশাসন-১)
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০২৯.১৭

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৬ / ০৩সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার ১ম সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ডের ০৪/০৮/২০১৯ খ্রিঃ তারিখের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার ১ম সভার কার্যবিবরণীর ক্রমিক নং-১৫ এর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

''জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক, ভ্যাট এবং আয়কর অনুবিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর প্রশিক্ষণ একাডেমিতে কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক নতুন উদ্ভাবন বিষয়ে উদ্যোগ গ্রহণ করণ''।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডকে অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০৪/০৮/২০১৯ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

স্বাঃ/-
(মোঃ শামসুদ্দীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোনঃ ৮৩১৮১২০-২৬/৩৭১

প্রাপক,

(১)কমিশনার (সকল), (শুল্ক/মূসক অনুবিভাগ)।
(২)কর কমিশনার (সকল), আয়কর বিভাগ।
(৩)মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা/কাস্টসম, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর,ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০২৯.১৭/ ৮০৬ (৮)

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৬ / ০৩সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি জন্যঃ

১. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ মোহাম্মদ নায়িরুজ্জামান (উপ-সচিব)]।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট এবং গ্রুপ মেইলে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. ব্যক্তিগত সহকারী, সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ শামসুদ্দীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)

D/: Board Subadmin/ Innovation / Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন অধিশাখা)
www.nbr.gov.bd

২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার ১ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব কানন কুমার রায়
সদস্য (কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ও
আহবায়ক, ইনোভেশন টিম।
সভার তারিখ ও সময়ঃ ০৪/০৮/২০১৯ খ্রিঃ, সকাল ১০.৩০ ঘটিকা।
স্থানঃ জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ।
উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট-"ক"

সভাপতি স্বাগত জানিয়ে ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার ১ম সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ইনোভেশন কমিটির সদস্য সচিব ও প্রথম সচিব (বোর্ড প্রশাসন) কে সভা পরিচালনার আহবান জানান। সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা অন্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করেনঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | Return Processing tools | জনাব মোহাং আবু তাহের চৌধুরী, কর কমিশনার, (কর অঞ্চল-১০), ঢাকা সভাকে অবহিত করেন যে, কর অঞ্চল-১০ কর্তৃক উদ্ভাবিত Return Processing tool বর্তমানে তাঁর দপ্তরে ১০০% কার্যক্রম চলমান রয়েছে। এটিকে পর্যায়ক্রমে ঢাকা এবং ঢাকার বাহিরে অবস্থিত অন্যান্য আয়কর অফিসে বাস্তবায়ন করতে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা প্রদানের অনুরোধ জানান। | Return Processing tools ব্যবস্থাপনা ঢাকা এবং ঢাকার বাহিরে অবস্থিত অন্যান্য আয়কর অফিসে বাস্তবায়ন করতে হবে। | সদস্য (কর প্রশাসন এবং মানব সম্পদ ব্যবস্থাপনা) |
| ২ | 'Benapass' Software for Cargo Import & Export Car Pass Data Record:- (ল্যান্ডিং মনিটরিং) | জনাব মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী, কমিশনার , কাস্টম হাউস, বেনাপোল সভাকে অবহিত করেন যে, 'Benapass' Software for Cargo Import & Export Car Pass Data Record:- (ল্যান্ডিং মনিটরিং) মাধ্যমে ১০০% কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া, হিলি,বিবি বাজার এবং আখাউড়া শুল্ক স্টেশনে কার্যক্রম চলমান রয়েছে। পর্যায়ক্রমে দর্শনা, তামাবিল, ভোমরা, সোনা মসজিদ স্থল শুল্ক স্টেশনে বাস্তবায়ন করা হবে। তবে এই ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা প্রয়োজন আছে মর্মে তিনি মনে করেন। | 'Benapass' Software টি দর্শনা,তামাবিল,ভোমরা, সোনা মসজিদ সহ সকল স্থল বন্দরে চালু করতে হবে। | সদস্য ( শুল্ক নীতি ও আইসিটি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | e-Payment (Custom):- | জনাব মোঃ শফিকুর রহমান, সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা সভাকে অবহিত করেন যে, আইসিটি অনুবিভাগ কর্তৃক উদ্ভাবিত e-Payment (Custom) এবং (EGM) এর মধ্যে বর্তমানে মোংলা কাস্টম হাউস ব্যতীত সকল কাস্টম হাউসে e-Payment চালু রয়েছে। EGM একটি কাস্টম হাউসে পাইলটিং করা হয়েছে। (EGM) চালুর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা প্রয়োজন মর্মে আলোচনা করেন। | সকল কাস্টম হাউসে e-Payment চালু করতে হবে এবং EGM সকল শুল্ক স্টেশনে ১০০% চালু করতে হবে। | সদস্য ( শুল্ক নীতি ও আইসিটি) |
| ৪ | Electronic Export General Manifest (EGM):- (ইলেকট্রনিক পদ্ধতিতে Bill of Export এর বিপরীতে Freight Forwarder দের জন্য একটি House Bills of Ladding তৈরী করন)। | | | |
| ৫ | LTU VAT Mobile APPS:- (ডেস্কটপ, ল্যাপটপ বা কম্পিউটার ছাড়া মোবাইলের মাধ্যমে এলটিইউ, ভ্যাট সম্পর্কে জানা, সেবা প্রদান) উপস্থাপনায় এলটিউইউ, ভ্যাট কমিশনারেট, ঢাকা। | জনাব মোঃ হাসান-উজ-জামান খান, প্রোগ্রামার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা সভাকে অবহিত করেন যে, ১০০% কার্যক্রম চলমান রয়েছে। | বৃহৎ করদাতা ইউনিট (মূসক),ঢাকায় LTU VAT Mobile APPS ব্যবহার চলমান রাকতে হবে। | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক),ঢাকা |
| ৬ | Audit Management System | কর অঞ্চল-২ এর সহকারী কর কমিশনার, জনাব তৌহিদুর রহমান, জানান যে, উক্ত দপ্তর কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন Tools এর কার্যক্রম চলমান রয়েছে। | অন্যান্য আয়কর অফিসে এ Tools সমূহ বাস্তবায়ন করতে হবে। | সদস্য (কর প্রশাসন এবং মানব সম্পদ ব্যবস্থাপনা)/ কর কমিশনার, কর অঞ্চল-২,ঢাকা |
| ৭ | Bank Search Tool | | | |
| ৮ | Advance Tax Reminder Tool | | | |
| ৯ | Demand and Collection Tool | | | |
| ১০ | VAT East Mobile APP | কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা এর সহকারী কমিশনার, জনাব মনোয়ারা আক্তার সভাকে অবহিত করেন যে, আলোচ্য APP টি তার কার্যালয়ে ব্যবহার করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ এই APP টির নাম VAT East Mobile APP এর পরিবর্তে VAT Mobile APP নাম করণের প্রস্তাব করেন। | VAT East Mobile APP এর নাম VAT Mobile APP রাখতে হবে এবং VAT অফিসে এই APP টি ব্যবহার করতে হবে। | কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব),ঢাকা |
| ১১ | উদ্ভাবন খাতে ( কোড নং ৩২৫৭১০৫) অর্থ বরাদ্দ | ইনোভেশন কমিটির সদস্য সচিব ও প্রথম সচিব (বোর্ড প্রশাসন) উদ্ভাবন খাতে ( কোড নং ৩২৫৭১০৫) ৫০,০০,০০০ (পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দের জন্য দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৫) শাখায় পত্র প্রেরণের বিষয়ে মতামত ব্যক্ত করেন। | উদ্ভাবনখাতে কোড নং ৩২৫৭১০৫)- এ ৫০,০০,০০০ (পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সদস্য (বোর্ড প্রশাসন) |
| ১২ | উদ্ভাবন খাতে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বিদেশে প্রশিক্ষণ | উদ্ভাবন খাতে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বিদেশে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | A2i প্রোগ্রাম বা অন্য কোন সংস্থার সাথে আলোচনা করে ইনোভেশন কমিটির সদস্যদের বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | প্রথম সচিব (বোর্ড প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | দেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ | বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৯-২০২০ এর লক্ষ্য অনুযায়ী স্থানীয় প্রশিক্ষণ সমূহ আয়োজনের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ মতামত ব্যক্ত করেন। | বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৯-২০২০ এর লক্ষ্য মোতাবেক দ্রুত বিসিএস কর একাডেমিতে স্থানীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | প্রথম সচিব (বোর্ড প্রশাসন) |
| ১৪ | বেনাপোল এবং আখাউড়া স্থল শুল্ক স্টেশন পরিদর্শন | কাস্টম হাউস, বেনাপোল কর্তৃক উদ্ভাবিত 'Benapass' Software for Cargo Import & Export Car Pass Data Record:- (ল্যান্ডিং মনিটরিং) মাধমে ১০০% কার্যক্রম বেনাপোল, হিলি,বিবি বাজার এবং আখাউড়া শুল্ক স্টেশনে কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্য ইনোভেশন কমিটির সদস্যগণ কাস্টম হাউস, বেনাপোল এবং আখাউড়া শুল্ক স্টেশন পরিদর্শনের বিষয়ে মতামত করেন। | কাস্টম হাউস, বেনাপোল কর্তৃক উদ্ভাবিত 'Benapass' Software for Cargo Import & Export Car Pass Data Record:- (ল্যান্ডিং মনিটরিং) মাধমে ১০০% কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের জন্য ইনোভেশন কমিটির সদস্যগণ কাস্টম হাউস, বেনাপোল এবং আখাউড়া শুল্ক স্টেশন পরিদর্শন করবেন। | কমিশনার,কাস্টম হাউস, বেনাপোল, যশোর |
| ১৫ | নতুন উদ্ভাবন বিষয়ে উদ্যোগের জন্য পত্র প্রেরণ | জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক,ভ্যাট এবং আয়কর অনুবিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর প্রশিক্ষণ একাডেমিতে কর্মরত কর্মকর্তাগণ কর্তৃক নতুন উদ্ভাবন বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক, ভ্যাট এবং আয়কর অনুবিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তর প্রশিক্ষণ একাডেমিতে নতুন উদ্ভাবন বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে | সদস্য (বোর্ড প্রশাসন) |

৩। সভাপতি মহোদয় আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/০৪/৮/২০১৯
(কানন কুমার রায়)
সদস্য (কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ও
আহবায়ক, ইনোভেশন টিম।
মোবাইলঃ ০১৭১৫৯০১৭৫৪
(Whats App ও viber একই নম্বরে)
e-mail: kanonroy@yahoo.com